

## শিমের হলুদ মোজাইক ভাইরাস

বাহক পোকা : *Myzus persicae* ও *Aphis gossypi* প্রজাতির জাব পোকা দ্বারা এ ভাইরাস রোগ ছড়ায়।

লক্ষণ:

- আক্রান্ত গাছের পাতায় হলুদ ও সবুজ রঙয়ের ছোট ছোট দাগ দেখা যায়।
- হলুদ অংশ ধীরে ধীরে বড় হয়ে সমস্ত পাতা হলুদ হয়ে যায়।
- আক্রান্ত পাতা ছোট, বিকৃত, নীচের দিকে কোকঁড়ানো ও বিবর্ণ হয়ে যায়।
- কচি ফল খসখসে, ছোট ও ফুটকি দাগযুক্ত হয় এবং কখনও কখনও ফলের রং সাদা হয়ে যায়।
- ফুল কম আসে এবং অধিক আক্রমণে পাতা ও গাছ মরে যায় রোগের আক্রমণ বেশি হলে গাছের ফলন কমে যায়।



### ছবি : মোজাইক আক্রান্ত পাতা, ফুল ও ফল

দমন ব্যবস্থাপনা :

- রোগমুক্ত গাছ থেকে বীজ সংগ্রহ করা।
- রোগ সহনশীল যেমন- বারি সীম – ১, বারি সীম- ২ চাষ করা।
- যেহেতু এই রোগ জাব পোকার মাধ্যমে ছড়ায় তাই ক্ষেত্র থেকে আক্রান্ত গাছ তুলে ফেলা বা আক্রান্ত লতা কেটে দেয়া।
- দুই একটি পাতায় আক্রমণ দেখা দেয়া মাত্র তা কেটে ফেলে ১-১২ দিন অন্তর সুস্থ পাতায় কমপক্ষে ৩-৪ বার নিম্নলিখিত কীটনাশক ব্যবহার করা:
  - ইমাডাক্লোপ্রিড গ্রন্পের যেমন এডমায়ার (Admire) ২০ এস এল ৫০০ মিঃ লিঃ / লিটার পানিতে অথবা,
  - ক্লোরোপাইরিফস (Chlorpyrifos) গ্রন্পের যেমন কাসির (Kasir) ৪৮ ইসি ১মিলিঃ/ লিটার পানিতে অথবা,
  - এসিফেট (Asefet) গ্রন্পের যেমন এসাটাফ (Astaf) ৭৫ এসপি ১ গ্রাম/ লিটার পানিতে অথবা,
  - ক্লোরোপাইরিফস (৫০%) + সাইপার মেথিন (৫%) গ্রন্পের যেমন এসি মিঞ্চ ৫৫ ইসি ২ মিলিঃ/ লিটার পানিতে মিশিয়ে স্প্রে করতে হবে।

### আরও তথ্যের জন্য:

পরিচালক উদ্ভিদ সংরক্ষণ উইং, ডি.এই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: [dppw@dae.gov.bd](mailto:dppw@dae.gov.bd)

বিস্তারিত জ্ঞানার জন্য আপনার নিকটস্থ উপসহকারী কৃষি অফিসার অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।

